

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং : পরী/মাধ্য/২০২০/৫১৫

তারিখ : ০১/১১/২০২০ খ্রি.

বিষয় : নাম ও বয়স সংশোধন অনুমোদনের পর ফ্রেসকপি আবেদন অনলাইনে করার নির্দেশনা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে এ বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ১৯৯৬ সাল থেকে এসএসসি ও এইচএসসি এবং ২০১০ সন থেকে জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী নিজ, পিতা ও মাতার নাম এবং বয়স সংশোধনের জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

সংশ্লিষ্ট আবেদন নাম ও বয়স সংশোধন কমিটিতে অনুমোদন হলে ফ্রেসকপি পাওয়ার জন্য বোর্ডের ওয়েবসাইট: [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd) এর অভ্যন্তরীণ ই-সেবার অনলাইনে ফ্রেস ও ডুপ্লিকেট ডকুমেন্টস এর আবেদন লিংকে গিয়ে যথাযথভাবে আবেদন করতে হবে। আবেদন করার সময় অনুমোদনের চিঠি ও সংশ্লিষ্ট ডকুমেন্টসের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

ফ্রেসকপি প্রস্তুত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর মোবাইল নম্বরে বোর্ড হতে এসএমএস প্রেরণ করা হবে। এসএমএস প্রাপ্তির পর সংশ্লিষ্ট আবেদনকারীকে ফি প্রদানের রশিদ, অনুমোদনের চিঠি ও রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরফর্দ ও সনদের মূল কপি সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে ফ্রেসকপি গ্রহণ করতে হবে।

এ বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বোর্ডের ওয়েবসাইট: [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd) এর অভ্যন্তরীণ ই-সেবার প্রযোজ্য লিংকে গিয়ে যথাযথভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০১/১১/২০২০

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

তারিখ : ০১/১১/২০২০ খ্রি.

স্মারক নং : পরী/মাধ্য/২০২০/৫১৫(০৮)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ২। এ বোর্ডের কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা)
- ৩। উপ-সচিব (একাডেমিক)/সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৪। এ বোর্ডের সকল কর্মকর্তা
- ৫। এ বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান
- ৬। এ বোর্ডের সকল সেকশন অফিসার
- ৭। এ বোর্ডের পি এ টু চেয়ারম্যান (বিষয়টি চেয়ারম্যান মহোদয়কে গোচরীভূত করার জন্য)
- ৮। সংরক্ষণ নথি।

০১/১১/২০২০

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২